

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

প্রশাসন ও সমষ্টি অনুবিভাগ

প্রশাসন-১ অধিশাখা

অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির

ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৪) সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মানজারুল মাঝান

অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি)

তারিখ ও সময় : ২৪ মার্চ ২০২৪ খ্রি, সকাল ১১.০০ টা

স্থান : প্রশাসন ও সমষ্টি অনুবিভাগের সভাকক্ষ
(কক্ষ নং ১৬২০, ১৬তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক' তে প্রদান করা হলো:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, এ ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ ২০২৪) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি গত ১৯ মার্চ ২০২৪ তারিখে হালনাগাদ করা হয়েছে। সিটিজেন চার্টারটি হালনাগাদ ও ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হচ্ছে জেনে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি পরীক্ষা নিরীক্ষা এবং নাগরিকদের/সেবাগ্রহীতাদের প্রদত্ত সেবার মান, জবাবদিহিতা, স্বচ্ছতা নিশ্চিত করার ওপর গুরুত্ব প্রদান করেন। তিনি সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীর মধ্যে যাতে ভাল আস্থা অর্জন করা যায় সে বিষয়ে সচেষ্ট থাকারও পরামর্শ প্রদান করেন। এছাড়া সিজিএ'র কার্যালয়সহ অর্থ বিভাগের ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদকরণ, সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ এবং সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার সংক্রান্ত সভা অব্যাহত রাখার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব মো: আব্দুর রহমান প্রস্তুতকৃত ত্রৈমাসিকভিত্তিতে (জানুয়ারি-মার্চ ২০২৪) অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সিটিজেন চার্টারটির অভ্যন্তরীণ সেবার মধ্যে প্রশিক্ষণ শাখার ৩৯-৪৪ নং ক্রমিকে বর্ণিত সেবাসমূহ নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ ছাড়া সেবাপ্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবিসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ করা হয়েছে। সভায় উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

২.১। হালনাগাদকৃত সিটিজেন চার্টারটি (জানুয়ারি-মার্চ ২০২৪) অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-১ ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ)

২.২। অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিন মাস পরপর হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-১ ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ)

(অ: পঃ দ্রঃ)

২.৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ ও সেবাগ্রহীতাদের মতামত/অবহিতকরণ সংক্রান্ত সভা
অব্যাহত রাখতে হবে

(বাস্তবায়নে-উপসচিব, বাজেট ও পরিকল্পনা-২, প্রশিক্ষণ শাখা ও সিজিএ কার্যালয়)

২.৪। অর্থ বিভাগের সিটিজেন চার্টার অনুষায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে সেবা প্রদানে স্বচ্ছতা ও শৃঙ্খলা বজায়
রাখার জন্য প্রত্যেক শাখা/অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সচেষ্ট থাকতে হবে।
(সংশ্লিষ্ট সকল কর্মকর্তা)

৩.৫। সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টার তিন মাস পরপর হালনাগাদ করে তা ওয়েবসাইটে আপলোডপূর্বক
অর্থ বিভাগকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(বাস্তবায়নে-সিজিএ কার্যালয়)

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা
করেন।

Rashedul ২৪/৩/২৪
(মোহাম্মদ মানজারুল মানান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৪.২৩- ১০১

তারিখ: ১০ চৈত্র ১৪৩০
২৪ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠার ভিত্তিতে নয়):

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দ্র: আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
- ২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
- ৪। উপসচিব, বাজেট-১/প্রশাসন-২ /প্রশিক্ষণ/প্রশাসন-৪/বাজেট ও পরিকল্পনা-২, অর্থ বিভাগ
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ
- ৬। সভায় উপস্থিত কর্মকর্তা, জনাব অর্থ বিভাগ
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ
(কোর্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ

২৪/৩/২৪
(স্ম: আব্দুর রহমান)
উপসচিব ও ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি